

শ্রেণিকক্ষ ও আসবাবপত্রের অভাবে খোলা মাঠে পাঠদান

■ মির্জাপুর (টাঙ্গাইল) মহাবিদ্যালয়
শ্রেণিকক্ষ ও আসবাবপত্রের অভাবে
ভাল ফলাফল অর্জনকারী উপজেলার
সরিষাদাইর সরকারি প্রাথমিক
বিদ্যালয়ে পাঠদান চলে বোলা
আকাশের নিচে। যাটিতে বসে ক্লাস
করায় ঠাণ্ডায় শিশুদের মধ্যে নানা রোগ
ছড়িয়ে পড়েছে বলে শিক্ষক ও
অভিভাবকরা জানিয়েছেন। সরেজমিন
বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে, কনকনে
শীতে বোলা আকাশের নিচে যাটিতে
বসে কোষদক্ষিণ শিত-কিপোররা

পাঠদান নিচ্ছে।
সূত্র জানায়, ১৯১৮ সালে
সরিষাদাইর সরকারি প্রাথমিক
বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়।
উপমহাদেশের প্রখ্যাত দানবীর রতনা
প্রসাদ সাহাও এই বিদ্যালয়ের ছাত্র
ছিলেন। বিদ্যালয়ের বার্ষিক ও সনাতনী
পরীক্ষার ফলাফল উপজেলার মধ্যে
ভাল হলেও নানাবিধ সমস্যায়
জর্জরিত।
বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মুক্তি
সাহা বলেন, বিদ্যালয়ের উত্তর পাশে

একটি পাকা ভবন করা খুবই অসম্ভব
হয়ে পড়েছে। বিদ্যালয়ের প্রধান
সমস্যা পাকা ভবন, শ্রেণিকক্ষ এবং
শিক্ষক ঘরভা। শিত শ্রেণী থেকে ৫ম
শ্রেণী পর্যন্ত ৫৫০ জন ছাত্র-ছাত্রীর জন্য
শ্রেণিকক্ষের প্রয়োজন ১৪টি। সেখানে
কক্ষ রয়েছে মাত্র ৭টি। শিক্ষক
প্রয়োজন ১৪ জন রয়েছে ৭ জন। বিশুল
সংখ্যক শিত-কিপোরদের পাঠদান
করাতে শিক্ষকদের কঠোর প্রচেষ্টা
হচ্ছে এবং অতিরিক্ত সময় দিতে হচ্ছে।
ফল অধিকাংশ সময় শিক্ষকরা অসুস্থ
হয়ে পড়েন বলে তিনি জানান।

এ ব্যাপারে টাঙ্গাইল জেলা
প্রাথমিক শিক্ষা অফিসার সৈয়দা
মাহফুজা বেগমের সঙ্গে যোগাযোগ
করা হলে তার সঙ্গে কথা বলা সম্ভব
হয়নি। তবে অফিস সূত্র জানান,
সরিষাদাইর ছুপে পাকা ভবন নির্মাণের
জনা প্রকল্প তৈরি করে মহাপাশয়ে
পাঠানো হয়েছে।